রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, সেপ্টেম্বর ১০, ২০২২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**শ্রম শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ ভাদ্র ১৪২৯/২১ আগস্ট ২০২২

নং **৪০.০০.০০০০.০৪২.০৬.০০৪.২২-১৭৩**—শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সার্বিক দিক-নির্দেশনায় এবং আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) এর কারিগরি সহায়তায় সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় ও স্টেকহোল্ডারগণের মতামতের ভিত্তিতে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক "পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক জাতীয় কর্মপরিকল্পনা (২০২১-২০৩০)" প্রণয়ন করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনার ৮নং অনুচ্ছেদে কর্মপরিকল্পনাটির পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য তত্ত্বাবধায়ক কমিটি (Supervisory Committee) নিম্নোক্তভাবে গঠন করা হলো :

| ক্রমিক | পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | যুগ্মসচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | আহ্বায়ক |
| ২. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (আন্তর্জাতিক সংস্থা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | প্রতিনিধি, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সদস্য |
| ৪. | প্রতিনিধি, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | প্রতিনিধি, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | প্রতিনিধি, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | প্রতিনিধি, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | প্রতিনিধি, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |

| ক্রমিক | পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ৯. | মালিক পক্ষের প্রতিনিধি (সেক্টর ভিত্তিক প্রতিনিধি) | সদস্য |
| ১০. | শ্রমিক পক্ষের প্রতিনিধি (সেক্টর ভিত্তিক প্রতিনিধি) | সদস্য |
| ১১. | যুগ্ম মহাপরিদর্শক (স্বাস্থ্য), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | সদস্য-সচিব |

কার্যপরিধি :

১. কমিটি প্রতি ০৬ (ছয়) মাস অন্তর বৈঠক করে কর্মপরিকল্পনার অগ্রগতি ও বাস্তবায়ন পর্যালোচনাপূর্বক জাতীয় শিল্প, স্বাস্থ্য ও সেইফটি কাউন্সিলের নিকট প্রতিবেদন পেশ করবে।

২. কমিটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব-এর অনুমোদন সাপেক্ষে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং সংশ্লিষ্ট ক্ষেত্রের টেকনিক্যাল জ্ঞান সম্পন্ন কর্মকর্তা ও ব্যক্তিবর্গের সমন্বয়ে প্রয়োজনীয় সংখ্যক টেকনিক্যাল সাব-কমিটি গঠন করতে পারবে।

৩. কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সরকারী সংস্থা, মালিক ও শ্রমিক সংগঠন-এর প্রতিনিধি এবং যে কোনো বিশেষজ্ঞকে কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ আব্দুল কাদের**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd